



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা



২ অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/সংস্থাপন/নথি নং-৫৫/৭৫৪

তারিখ : ৩০/১১/২০১৭খ্রিঃ

বিষয় : আসন্ন ১৪৩৯ হিজরি সালের পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) ২০১৭ খ্রিঃ উদযাপনের জন্য কর্মসূচি পালন প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৩.২৩.০০৩.১৭.৬১৪; তারিখঃ ২৯ নভেম্বর ২০১৭খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, আসন্ন ১৪৩৯ হিজরি সালের পবিত্র ঈদ-ই-মিলাদুন্নবী (সাঃ) ২০১৭ খ্রিঃ উদযাপনের জন্য সরকারি কর্মসূচি নির্ধারণকল্পে ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক আয়োজিত ২৮.১১.২০১৭ তারিখের আন্তঃ মন্ত্রণালয় সভায় গৃহীত নিম্নোক্ত সিদ্ধান্ত যথাযথভাবে বাস্তবায়নের জন্য শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ কর্তৃক সূত্রে উল্লিখিত স্মারকে নির্দেশনা প্রদান করা হয়েছে:

সিদ্ধান্ত: বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক হযরত মুহাম্মদ (সাঃ) এর জীবনী ও কর্মের উপর আলোচনা, বিশেষ করে ইসলামের শান্তি, প্রগতি, সৌহার্দ, সহিষ্ণুতা, বিশ্ব-ভ্রাতৃত্ব, মানবাধিকার, নারীর মর্যাদা ইত্যাদি বিষয়ের উপর আলোচনা সভা ও ওয়াজ মাহফিল অনুষ্ঠানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

বর্ণিত অবস্থায় আন্তঃ মন্ত্রণালয় সভায় গৃহীত সিদ্ধান্ত এবং শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন নিশ্চিত করার জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন দেশের সকল মাদ্রাসার অধ্যক্ষ/সুপার এবং পরিচালনা কমিটিকে অনুরোধ করা হলো।

30.11.17  
প্রফেসর মোঃ মজিবুর রহমান  
চেয়ারম্যান (রুটিন দায়িত্বপ্রাপ্ত)  
ও রেজিস্ট্রার  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৫৮৬১০২০২

প্রাপক : ১) সভাপতি/সদস্যবৃন্দ- পরিচালনা কমিটি

২) অধ্যক্ষ/সুপার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন দেশের সকল মাদ্রাসা।

নং- বামাশিবো/সংস্থাপন/নথি নং-৫৫/৭৫৪(৯)

তারিখ : ৩০/১১/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল :

১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক (সকল)।
৩. উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/প্রকাশনা নিয়ন্ত্রক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. জনাব সৈয়দ আসগর আলী, সহকারী সচিব (সমন্বয়), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
(পত্রটি বোর্ডের ওয়েব সাইটে জরুরী ভিত্তিতে প্রকাশ ও প্রচার করার জন্য তাঁকে অনুরোধ করা হলো)।
৭. সহকারী পরিদর্শক, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড আঞ্চলিক শাখা,  
ঢাকা/ কুমিল্লা/ ময়মনসিংহ/ রাজশাহী/ সিলেট/ রংপুর/ খুলনা/ চট্টগ্রাম/ বরিশাল অঞ্চল।
৮. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. অফিস কপি।

30.11.17  
মোঃ মজিবুর রহমান  
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)  
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা  
ফোন : ৯৬৭৪৮৭৪